

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪০

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ "দ্বীনের মধ্যে কোন জবরদন্তি নেই" (সূরা আল বাকারা: ২৫৬) আয়াতটি যে অবস্থায় নাযিল হয়, তার বর্ণনা ذِكْرُ الْإِخْبَارِ عَنِ الْحَالَةِ الَّتِي مِنْ أَجْلِهَا أَنزل الله جل وعلا: {لا إِكْرَاهَ فِي الدِّينِ}

আরবী

أَخْبَرَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ بِبُسْتَ قَالَ حَدَّتَنَا حَسَنُ بْنُ عَلِيّ الْحُلْوَانِيُّ قَالَ حَدَّتَنَا وَهْبُ بْنُ جَرِيرٍ قَالَ حَدَّتَنَا شُعْبَةُ عَنْ أَبِي بِشْرٍ عَنْ سَعِيد بْنِ جُبَيْرٍ عَنِ ابْنِ عَبَّاسٍ فِي قَوْلِهِ: {لَا إِكْرَاهَ فِي الدّينِ} [البقرة: 256] قَالَ: كَانَتَ الْمَرْأَةُ مِنَ الْأَنْصَارِ لَا يَكَادُ فِي قَوْلِهِ: {لَا إِكْرَاهَ فِي الدّينِ} [البقرة: 256] قَالَ: كَانَتَ الْمَرْأَةُ مِنَ الْأَنْصَارِ لَا يَكَادُ يَعِيشُ لَهَا وَلَدٌ لَتُهُوّدَنَّهُ فَلَمَّا أُجْلِيَتْ بَنُو النَّضِيرِ إِذَا فِيهِمْ نَاسٌ مِنْ أَبْنَاءِ الْأَنْصَارِ فَقَالَتِ الْأَنْصَارُ: يَا رَسُولَ اللّهِ أَبْنَاؤُنَا فَأَنْزَلَ اللّهُ هَذِهِ الْآيَةَ {لَا إِكْرَاهَ فِي الدّينِ} قَالَ سَعِيدُ بْنُ جُبَيْرٍ: فَمَنْ شَاءَ لَحِقَ بِهِم ومن شاء دخل في الإسلام. في الإسلام. الراوي: ابْن عَبَّاسٍ المحدث: شعيب الأرنؤوط المصدر: صحيح ابن حبان الصفحة أو الرقم: 140 اخلاصة حكم المحدث: إسناده صحيح على شرطهما

বাংলা

১৪০. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাভ্ আনভ্মা থেকে বর্ণিত, তিনি "দ্বীনের মধ্যে কোন জবরদস্তি নেই" (সূরা আল বাকারা: ২৫৬) এই আয়াতের ব্যাপারে বলেন: ইসলামপূর্ব যুগে আনসারী কোন নারীর সন্তান বেঁচে না থাকলে, তখন এই শপথ করতো যে, যদি তার কোন সন্তান বেঁচে থাকে, তাহলে সে তাকে ইয়াহুদি বানাবে। অতঃপর যখন বানু নাযীর ইয়াহুদি গোত্রকে দেশান্তর করা হয়, তখন আনসারগণ বললেন: হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাদের (এই ধরণের মান্নত করা কিছু সন্তান ইয়াহুদিদের মাঝে আছে) এসব সন্তানদের কী হবে? তখন আল্লাহ তা'আলা এই আয়াত নাযিল করেন: ﴿كَا إِكْرَاهُ فِي الدِّينِ ﴾ "দ্বীনের মধ্যে কোন জবরদন্তি নেই" (সূরা আল বাকারা: ২৫৬) সাঈদ বিন যুবাইর বলেন: এরপর যার ইচ্ছা ইয়াহুদিদের সাথে যুক্ত হয়, আর যার ইচ্ছা সে ইসলামে প্রবেশ করেন।"[1]

ফুটনোট



[1] আবু দাউদ: ২৬৮২; বাইহাকী: ৯/১৮৬; তাফসীর আত তাবারী: ৩/১৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২৪০৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন